



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

মানিলভারিং এন্ড ট্রেজারি ফাইন্যান্সিং ডিভিশন
প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৯৫৫০২০১, ৯৫৬২৯৯৮
ফ্যাক্স : ৯৫৫০৪২৬-৩১, ৩৩-৩৪/এক্স: ৩১১২
ক্যান্স : ৮৮-০২-৭১১৫৫১৯, SWIFT : BSONBDDH
E-mail : dgmmittfd@sonalibank.com.bd



দ্রুত শপথ সুজিন কর্বে
আমরা যাবো সবার শীর্ষে

নং-এসবিএল/প্রকা/এমএলটিএফপিডি/ITP/২০১
প্রধান কার্যালয় পরিপত্র নং- ১০৬৬

তাং ২৭/১০/২০২০

জেনারেল ম্যানেজার/প্রিন্সিপাল/

ই-মেইল

ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
স্থানীয় কার্যালয়, ঢাকা/বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা/রমনা কর্পোরেট শাখা, ঢাকা/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/সোনালী ব্যাংক স্টাফ কলেজ/
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/সকল প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/
সকল ট্রেনিং ইনস্টিটিউট/সকল কর্পোরেট শাখা/সকল শাখা
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়ঃ শাখা পরিদর্শনকালে চিহ্নিত মানিলভারিং ও সন্মানে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত দুর্বলতাসমূহ এবং তা দূরীকরণে করণীয়।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ের সূত্রে জানানো যাচ্ছে যে, এ ব্যাংকের মানিলভারিং ও সন্মানে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে শাখাসমূহ হতে প্রাপ্ত Self Assessment প্রতিবেদন এবং অডিট এন্ড ইমপেকশন ডিভিশন ১ ও ২ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন চেকলিস্ট (Independent Testing Procedure) এর উপর ভিত্তি করে প্রস্তুতকৃত বার্ষিক (জানুয়ারি-জুন, ২০২০) প্রতিবেদন ২০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬৯১তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ শাখা পরিদর্শনকালে চিহ্নিত দুর্বলতাসমূহ দূরীকরণের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীর স্বাক্ষরে একটি জেনারেল সার্কুলার জারীর এবং নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক শাখায় কর্মরত নির্বাহী/কর্মকর্তাগণকে প্রয়োজনে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা প্রদান করে। জিএম অফিস/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ প্রত্যেক শাখা পরিদর্শনপূর্বক উক্ত সার্কুলারে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালিত হচ্ছে মর্মে নিশ্চিত হয়ে প্রধান কার্যালয়-এ 'প্রত্যয়নপত্র' প্রদানের নির্দেশনাও পর্ষদ কর্তৃক দেয়া হয়েছে।

২.০০: মানিলভারিং ও সন্মানে অর্থায়ন প্রতিরোধে বিএফআইইউ ও প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনার আলোকে পরিপালনীয় বিষয়াদি যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ডিভিশন হতে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের পরেও উল্লেখযোগ্য অগ্রগতি হচ্ছে না। বিএফআইইউ কর্তৃক এ ব্যাংকের রেটিং মান '৪' বা প্রান্তিক মানে চিহ্নিত করা হচ্ছে যা মানিলভারিং ও সন্মানে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত দুর্বলতা প্রকাশ করে। পর্ষদে উপস্থাপিত Self Assessment ও Independent Testing Procedure প্রতিবেদনে এ ব্যাংকের অডিট এন্ড ইমপেকশন ডিভিশন ১ ও ২ এর পরিদর্শন দল কর্তৃক শাখা পরিদর্শনকালে মানিলভারিং ও সন্মানে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে যে দুর্বলতাগুলো চিহ্নিত করা হয়েছে, তন্মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপ:

- সঠিক ও পূর্ণাঙ্গ তথ্যসহকারে গ্রাহকের KYC Profile তৈরি ও হালনাগাদ না করা;
- গ্রাহকের পেশা ও আয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ TP গ্রহণ ও হালনাগাদ না করা;

চলমান পাতা-০২





পাতা নং-০২

- গ) ঝুঁকি ভিত্তিক লেনদেন মনিটরিং না করা;
- ঘ) নগদ লেনদেন রিপোর্ট (CTR) যোগ্য হিসাবের প্রয়োজনীয় তথ্য সঠিক ও যথাযথভাবে না থাকার কারণে দাখিলকৃত CTR বিএফআইইউ এর goAML System হতে Auto Reject হয়ে যাওয়া;
- ঙ) সন্দেহজনক লেনদেন/কার্যক্রম চিহ্নিত না করা এবং STR/SAR করণে সচেতন না হওয়া;
- চ) নতুন ও বিদ্যমান গ্রাহকদের নাম UN, OFAC ও Local Sanction List-এ কালো তালিকাভুক্ত রয়েছে কিনা তা CBS এর screening Module এর মাধ্যমে যাচাই (screening) না করা;
- ছ) BAMLCO কর্তৃক নিয়মিতভাবে ত্রৈমাসিক সভার আয়োজন না করা বা সভার কার্যবিবরণী যথাযথভাবে ও আলাদা ফাইলে সংরক্ষণ না করা;
- জ) শাখা কর্তৃক Self Assessment পদ্ধতির মাধ্যমে AML-CFT বিষয়ে শাখার নিজস্ব অবস্থান সঠিকভাবে নির্ণয় না করা;
- ঝ) BFIU প্রদত্ত নির্দেশনা (Freeze/Unfreeze) ও যাচিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে পরিপালন ও সরবরাহ না করা;
- ঞ) ঋণ ও অগ্রিম হিসাবসমূহ নিয়মিত মনিটরিং না করা এবং শ্রেণীকৃত ও মন্দ/কু মানের হিসাবসমূহের সাথে মানিলভারিং এর সংশ্লিষ্টতা রয়েছে কিনা তা যাচাই না করা;
- ট) শাখার BAMLCO সহ সকল পর্যায়ের কর্মকর্তাদের AML-CFT বিষয়ে প্রশিক্ষণের উদ্যোগ না নেয়া;
- ঠ) শাখায় গ্রাহক সচেতনতামূলক কর্মসূচী (সভা, লিফলেট বিতরণ, পোস্টার লাগানো ইত্যাদি) না নেয়া।

৩.০০: মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে চিহ্নিত উপরোক্ত দুর্বলতাগুলো দূরীকরণে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালন নিশ্চিত করতে হবে:

- ক) সঠিক ও পূর্ণাঙ্গ তথ্যসহকারে নতুন গ্রাহকের KYC Profile তৈরি করতে হবে এবং বিদ্যমান উচ্চ ঝুঁকির গ্রাহকের KYC ১ (এক) বছর অন্তর ও নিম্ন ঝুঁকির গ্রাহকের KYC ৫ (পাঁচ) বছর অন্তর হালনাগাদ করতে হবে;
- খ) গ্রাহকের পেশা ও আয়ের সাথে সামঞ্জস্য রেখে TP গ্রহণ করতে হবে এবং পরবর্তী ৬ (ছয়) মাসের লেনদেনের প্যাটার্ন অনুসারে তা হালনাগাদ করতে হবে;
- গ) ঝুঁকি ভিত্তিক লেনদেন মনিটরিং অর্থাৎ উচ্চ ঝুঁকির গ্রাহকের অধিকাংশ লেনদেন এবং নিম্ন ঝুঁকির গ্রাহকের অস্বাভাবিক লেনদেন যাচাই করতে হবে;
- ঘ) CBS হতে নগদ লেনদেন রিপোর্ট (CTR) যোগ্য হিসাবের তালিকা নিয়ে হিসাবসমূহের সকল তথ্য goAML System এর Mandatory Field অনুযায়ী সংগ্রহ করতে হবে এবং CBS-এ সঠিকভাবে ইনপুট দিতে হবে;
- ঙ) সন্দেহজনক লেনদেন/কার্যক্রম চিহ্নিত করতে হবে এবং STR/SAR করণে সকলকে সচেতন থাকতে হবে;
- চ) নতুন ও বিদ্যমান গ্রাহকদের নাম UN, OFAC ও Local Sanction List-এ কালো তালিকাভুক্ত রয়েছে কিনা তা CBS এর screening Module এর মাধ্যমে যাচাই (screening) করতে হবে এবং রিপোর্ট (NIL/False Positive) হিসাব খোলার ফরমের সাথে সংরক্ষণ করতে হবে;

চলমান পাতা-০৩




পাতা নং-০৩

- ছ) BAMLCO কর্তৃক নিয়মিতভাবে ত্রৈমাসিক সভার আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী আলাদা ফাইলে সংরক্ষণ করে সিদ্ধান্তের অগ্রগতি পরবর্তী সভায় আলোচনা করতে হবে;
- জ) শাখা কর্তৃক Self Assessment পদ্ধতির মাধ্যমে AML-CFT বিষয়ে শাখার নিজস্ব অবস্থান সঠিকভাবে নির্ণয় করতে হবে এবং চিহ্নিত দুর্বলতাসমূহ দূর করতে হবে;
- ঝ) BFIU প্রদত্ত নির্দেশনা (Freeze/Unfreeze) ও যাচিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে পরিপালন ও সরবরাহ করার বিষয়ে BAMLCO ও শাখা প্রধান নিশ্চিত করবে;
- ঞ) ঋণ ও অগ্রিম হিসাবসমূহ নিয়মিত মনিটরিং এর মাধ্যমে মানিলন্ডারিং এর সংশ্লিষ্টতা রয়েছে কিনা তা যাচাই করতে হবে এবং সংশ্লিষ্টতা পরিলক্ষিত হলে STR দাখিল করতে হবে;
- ট) শাখার BAMLCO সহ সকল পর্যায়ের কর্মকর্তাদের AML-CFT বিষয়ে প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে এবং প্রশিক্ষণ না থাকলে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়/ট্রেনিং ইনস্টিটিউট/প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন/সোনালী ব্যাংক স্টাফ কলেজ-এর মাধ্যমে প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে;
- ঠ) আন্তর্জাতিক বাণিজ্যের মাধ্যমে সংঘটিত Trade Based Money Laundering (TBML) প্রতিরোধে এ সংক্রান্ত BFIU কর্তৃক জারীকৃত গাইডলাইন্স ও এ ব্যাংকের পলিসি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ড) শাখায় গ্রাহক সচেতনতামূলক কর্মসূচী (সভা, লিফলেট বিতরণ, পোস্টার লাগানো ইত্যাদি) গ্রহণ করতে হবে।

৪.০০: জিএম অফিস/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ তাদের নিয়ন্ত্রণাধীন প্রত্যেক শাখা পরিদর্শনপূর্বক এ সার্কুলারের ২.০০ নম্বর ক্রমিকে বর্ণিত দুর্বলতাসমূহ দূরীকরণে ৩.০০ নম্বর ক্রমিকে বর্ণিত নির্দেশনাসমূহ শাখা কর্তৃক যথাযথভাবে পরিপালিত হচ্ছে মর্মে নিশ্চিত হয়ে ৩১/১২/২০২০ তারিখ ভিত্তিক 'প্রত্যয়নপত্র' আগামী ১৪/০১/২০২১ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং এন্ড টেররিজম ফাইন্যান্সিং প্রিভেনশন ডিভিশনে প্রদান করবে।

৫.০০: এমতাবস্থায়, এ ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এ সার্কুলারের ৩.০০ ও ৪.০০ নম্বর ক্রমিকে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সকলকে নির্দেশ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর